

বর্তমান

কলকাতা, বৃহস্পতিবার ২৭ এপ্রিল ২০১৭, ১৩ বৈশাখ ১৪২৪

Barta

শরীর ও স্বাস্থ্য

ঠাকুরপুকুরে কর্মশালা



ঠাকুরপুকুর সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার এবং রিসার্চ ইনস্টিটিউটের পক্ষ থেকে সম্প্রতি একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। বিষয় ছিল 'পেশেন্ট ইনভলভমেন্ট ফর হেল্থ ডেভেলপমেন্ট'। সংক্ষেপে পিআইএইচডি। অর্থাৎ চিকিৎসায়

রোগীর সক্রিয় অংশগ্রহণ। গোটা বিষয়টির নেতৃত্ব দেন প্রফেসর ডাঃ চিত্তরঞ্জন চৌধুরি। ওয়ার্কশপে অংশ নেন ৫০ জনেরও বেশি চিকিৎসক। চিকিৎসা সংক্রান্ত সমস্ত খুঁটিনাটি তথ্য জানার অধিকার রোগী ও পরিজনদের আছে। তবে কোনও এক কারণে বিষয়টি তেমন গুরুত্বই পায়নি। এতে সমস্যা বাড়ছে। ছিন্ন হচ্ছে চিকিৎসক-রোগীর সম্পর্ক। এমন জটিল অবস্থার নেপথ্যে রয়েছে দু'পক্ষের আলোচনার অভাব। বর্তমানে এই সমস্যা সমাধানে রোগী



এবং পরিজনকে সঙ্গে নিয়েই চলতে হবে। সেইমতো কর্মশালায় রোগীর স্বাস্থ্য, রোগপরীক্ষা, চিকিৎসার পরবর্তী ধাপ ইত্যাদি বিষয়গুলি রোগী বা তাঁর পরিবারের সঙ্গে কীভাবে আলোচনা করা হবে— সেইসব পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি নার্স এবং ক্লিনিশিয়ানদের কথা বলার ক্ষমতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়। ডাঃ চৌধুরির কথায়, পিআইএইচডি'র ধারণা সব উন্নত দেশে পরীক্ষিত। এমন একটা গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর সেমিনার এখানকার স্বাস্থ্যক্ষেত্রের উন্নতি করবে বলে আশা রাখছি। প্রেস বিবৃতিতে খবরটি জানানো হয়েছে।